

# অনাবাসিক শিক্ষার্থীদের প্রার্থিতা বাতিলের দাবিতে কুবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

কুবি প্রতিনিধি



ছবি : কালের কণ্ঠ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদের (কুকসু) আসন্ন হল সংসদ নির্বাচনে অনাবাসিক শিক্ষার্থীদের প্রার্থিতা বাতিলের দাবিতে বিক্ষোভ করেছেন আবাসিক শিক্ষার্থীরা।

গতকাল বুধবার (২৯ অক্টোবর) রাত সাড়ে ১১টার দিকে বিজয়-২৪ হলের পুরনো ফটক থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে দক্ষিণ মোড় ঘুরে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে গিয়ে শেষ হয়। এতে বিজয়-২৪ হল, কাজী নজরুল ইসলাম হল ও শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হলের শিক্ষার্থীরা অংশ নেন।

গড়ুন



‘চা পান না করায়’ রাস্তায় চলাচল বন্ধ করলেন  
দোকানি!

মিছিল চলাকালে শিক্ষার্থীরা ‘অনাবাসিক প্রার্থিতা মানি না, মানব না’, রেসিডেন্ট না অ্যালোটম্যান্ট-রেসিডেন্ট, রেসিডেন্ট’, ‘হলের ভোট হলে হবে-বাইরে নয়’, ‘প্রশাসনের প্রহসন মানি না, মানব না’সহ বিভিন্ন স্লোগান দেন।

পরে তারা প্রধান ফটকে অবস্থান কর্মসূচি পালন করেন।

শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হলের আবাসিক শিক্ষার্থী মো. আজহারুল রহমান বলেন, ‘প্রশাসন একটি খসড়া গঠনতন্ত্র প্রকাশ করেছে। সেখানে একটি গুরুত্বপূর্ণ শর্ত ব্যাখ্যা করা হয়নি। তা হলো সংসদ নির্বাচনে প্রার্থী এবং ভোটার উভয়কে অবশ্যই আবাসিক হতে হবে।

কেননা হলের সাধারণ সমস্যাগুলো যারা হলে থাকে, শুধু তারাই জানে। বাইরে থেকে যারা প্রার্থী বা ভোটার হন, তারা হলের ভেতরের প্রকৃত সমস্যা কোথায়, সে সম্পর্কে অবগত নন। তাই প্রশাসনের প্রতি আহ্বান থাকবে— শুধু আবাসিক শিক্ষার্থীরাই যেন হল সংসদে ভোটার এবং প্রার্থী হতে পারে।’

কাজী নজরুল হলের আবাসিক শিক্ষার্থী এমরান হোসেন অভিযোগ করে বলেন, ‘খসড়া প্রকাশের পূর্বে আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবগত করেছি, আমাদের যে হল সংসদ আছে,

সেখানে শুধু আবাসিক শিক্ষার্থীরাই প্রার্থী এবং ভোটের হতে পারবে।

কিন্তু বারবার তাদের অবগত করার পরেও আজকে যে খসড়া প্রকাশ করা হয়েছে, সেখানে এ বিষয়ে কোনো কিছু উল্লেখ করা হয়নি। অর্থাৎ আবাসিক-অনাবাসিক সবাই ভোট প্রদান করতে পারবে। তারা শিক্ষার্থীদের কোনো মন্তব্যকে মূল্যায়ন না করে নিজেদের মনগড়া খসড়া প্রকাশ করেছেন। প্রশাসনের এই অযৌক্তিক সিদ্ধান্ত পরিবর্তন করে আবাসিক শিক্ষার্থীদের যৌক্তিক দাবি মেনে নেওয়ার দাবি জানাচ্ছি।’

একই হলের আরেক আবাসিক শিক্ষার্থী ফাহিম আবরার বলেন, ‘কেন্দ্রীয় সংসদে সবাই ভোট দিলেও, হল সংসদের ভোটের ও প্রার্থী হওয়ার অধিকার শুধু আবাসিক শিক্ষার্থীদেরই থাকা উচিত।

অনাবাসিকদের অন্তর্ভুক্ত করা হলে তা হলের প্রার্থীদের দায় তৈরি করবে এবং অতিরিক্ত ভোট কাস্টিংয়ের মাধ্যমে নির্বাচনকে ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা হবে। এটি হল সংসদ, কেন্দ্রীয় সংসদ নয়-তাই এখানে আবাসিকদের স্বার্থ রক্ষা করাই মূল লক্ষ্য।’

শিক্ষার্থীদের দীর্ঘদিনের দাবির পর গতকাল বুধবার কুকসুর খসড়া গঠনতন্ত্র প্রকাশ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। তবে এতে হল সংসদে ভোটের ও প্রার্থী হওয়ার যোগ্যতা নিয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় শিক্ষার্থীদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়েছে।

